

বরাবর

উপজেলা সমবায় অফিসার

লাখাই, হবিগঞ্জ।

বিষয়ঃ প্রস্তাবিত ভূমাপুর বন্ধন আদর্শ মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর পরিদর্শন প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্রঃ উপজেলা সমবায় অফিসার, লাখাই, হবিগঞ্জ মহোদয়ের নির্দেশের প্রেক্ষিতে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে ১৭/০৮/২০২৩ খ্রিঃ তারিখে উক্ত সমিতিটি পরিদর্শন করি। সমিতির খাতাপত্র ও অন্যান্য রেকর্ডপত্র দৃষ্টে যে সকল তথ্যাদি পেয়েছি তা নিম্নে পেশ করা হলো।

০১। প্রস্তাবিত সমিতির নামঃ ভূমাপুর বন্ধন আদর্শ মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ।

০২। প্রস্তাবিত সমিতি বিগত ২৬/০৮/২০২৪ খ্রিঃ তারিখে ২০ জন সদস্য নিয়ে গঠন করা হয়েছে। সমিতির নিবন্ধনের জন্য উল্লেখিত কাগজপত্র অত্র কার্যালয়ে ২৩/০৯/২০২৫ খ্রিঃ তারিখে পাওয়া গিয়াছে।

০৩। প্রস্তাবিত সমিতির এলাকায় নিবন্ধিত অনুরূপ কোন সমিতি নেই এবং সদস্যগণ অনুরূপ কোন সমিতির সদস্য নয়।

০৪। প্রস্তাবিত সমিতির অনুমোদিত শেয়ার মূলধন ১০,০০,০০০ টাকা যাহা ১০,০০০ টি অংশে বিভক্ত হইবে এবং প্রতিটি শেয়ারের মূল্য হইবে ১০০ টাকা।

০৫। প্রস্তাবিত সমিতিটি সমবায় সমিতি আইন/০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা/০৪ এবং বিভিন্ন সময়ে নিবন্ধক মহোদয় কর্তৃক জারীকৃত সার্কুলার অনুযায়ী সংগঠন করা হয় এবং তদানুযায়ী পরিচালিত হয়ে আসছে।

০৬। প্রস্তাবিত সমিতির সদস্যগণের নিকট হতে শেয়ার বাবদ ২০,০০০ টাকা, সঞ্চয় বাবদ ২০,০০০ টাকা ভর্তি ফি বাবদ ২,০০০ টাকা ও বিবিধ বাবদ ২,০০০ টাকা আদায় করা হয়েছে। পক্ষান্তরে সমিতির সংগঠন পরিচালনা বাবদ টাকা খরচ করা হয়েছে। অবশিষ্ট টাকা সম্পাদকের কাছে মজুদ রয়েছে যাহা সমিতির নিবন্ধন লাভের পর সমিতির নামে ব্যাংক হিসাব খোলে জমা প্রদান করিবেন মর্মে সমিতির সভাপতি ও সম্পাদক সাহেব অঙ্গীকার করেছেন।

০৭। প্রস্তাবিত সমিতি কর্তৃক ৩০০ টাকা নিবন্ধন ফি সোনালী ব্যাংক, হবিগঞ্জ শাখায় অনলাইন ট্র্যাকিং নম্বর-২৪২৫-০০২৩০২০৫৯৪, তারিখঃ ১৩/০৯/২০২৫ খ্রিঃ জমা করা হয়েছে ও নিবন্ধন ফি এর ভ্যাট অনলাইন ট্র্যাকিং নম্বর-২৪২৫-০০২৩০২০৮৩২ তারিখঃ ১৩/০৯/২০২৫ খ্রিঃ মূলে ৪৫ টাকা জমা করা হয়েছে। (কপি সংযুক্ত)

০৮। প্রস্তাবিত সমিতির উপ-আইন সমবায় সমিতি বিধিমালা/০৪ এর আলোকে প্রণীত এবং উহা সাংগঠনিক সভায় অনুমোদিত হয়েছে।

০৯। প্রস্তাবিত সমিতির উদ্যোক্তাগণ স্ব-নির্ভরভাবে সমিতি পরিচালনা করবেন মর্মে অঙ্গীকার পত্র প্রদান করেছেন।

১০। প্রস্তাবিত সমিতির সদস্যগণ বর্ণিত এলাকার স্থায়ী বাসিন্দা মর্মে ভোটার আইডি কার্ড এর ফটোকপি দাখিল করেছেন। (কপি সংযুক্ত)।

১১। প্রস্তাবিত সমিতির সদস্যগণ সমিতি পরিচালনায় আগ্রহী বলে প্রতীয়মান হয়। কাজেই এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন ও সমবায় অঙ্গনে তারা যথাযথ ভূমিকা রাখতে পারবে বলে আশা করছে।

১২। প্রস্তাবিত সমিতি বিগত ২৬/০৮/২০২৪ খ্রিঃ হতে ২৩/০৯/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ের জমা খরচ হিসাব সমিতি কর্তৃপক্ষ স্বাক্ষর সহকারে দাখিল করেছেন।

১৩। প্রস্তাবিত সমিতি বিধিমালা/০৪ এর ৩ বিধি অনুযায়ী সমিতির প্রকারভেদ মৎস্যজীবী সমবায় সমিতি উল্লেখ করা হয়েছে।


১৪। সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ১২(১) বিধি অনুযায়ী সমিতির কর্ম এলাকায় একই ধরনের এই নামীয় অন্য কোন সমবায় সমিতি নেই এবং ভবিষ্যতে এই ধরনের কোন সমিতি নিবন্ধনের প্রস্তাব আসিলে এই সমিতির পক্ষে কোন আপত্তি উপস্থাপন করিবেন না মর্মে সমিতির কর্তৃপক্ষ অঙ্গীকার নামা দাখিল করেছেন।

১৫। প্রস্তাবিত সমিতিটি সমবায় সমিতি আইন/০১ (সংশোধিত ০২) ও বিধিমালা/০৪ মোতাবেক সমিতির যাবতীয় কাগজপত্র প্রস্তুত করিয়া অত্র নিবন্ধন প্রক্রিয়া ও সাংগঠনিক যাবতীয় কাগজপত্র প্রস্তুত করিয়া অত্র নিবন্ধন প্রক্রিয়া ও সাংগঠনিক নথির সঙ্গে সংরক্ষণ করা হয়েছে।

১৬। প্রস্তাবিত সমিতির সদস্যদের সাংগঠনিক কাগজপত্রে স্বাক্ষর সঠিক আছে।

এমতাবস্থায় প্রস্তাবিত **ভুমাপুর বন্ধন আদর্শ মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ** এর অনুকূলে নিবন্ধন প্রদানের জন্য সুপারিশ সহকারে মহোদয় বরাবর অত্র প্রতিবেদন দাখিল করা হলো।

আপনার অনুগত



(প্রদ্যোৎ জ্যোতি দাস)

সহকারী পরিদর্শক

উপজেলা সমবায় কার্যালয়

লাখাই, হবিগঞ্জ।